দৈনিক ইত্তেফাক

083

তারিখ 01 APR 1988
পৃষ্ঠা 1 কলাম 4

# শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদে বিভিন্ন সংগঠন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ইউনাইটেড কমিউনিস্ট লীগসহ বিভিন্ন সংগঠন শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃংখলার জন্য বিরোধী দলকে দায়ী করে শিক্ষামন্ত্রীর দেয়া বক্তব্যের প্রতিবাদ করে বলেছে, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্য সরকার দায়ী।

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## শিক্ষামন্ত্রীর

প্রথম পৃষ্ঠার পর

ইউনাইটেড কমিউনিস্ট লীগের সাধারণ সম্পাদক অমল সেন এক বিবৃতিতে বলেন, শিক্ষামন্ত্রীর বক্তব্য সত্যের অপলাপ মাত্র। জাতীয় পার্টির ছাত্র সংগঠন যখন উপর্যুপরি সন্ত্রাসের পরেও ছাত্র সমাজের ঐক্যবদ্ধ প্রতিরোধের মুখে শিক্ষাঙ্গন থেকে নির্বাসিত হয়েছে, তখন বাধ্য হয়ে সরকার এ নতুন কৌশলের আশ্রয় নিয়েছেন। তিনি সরকারী ষড়যন্ত্র ও অসৎ উদ্দেশ্যে জামায়াত-শিবির চক্রের সাথে সরকারী আঁতাতের বিরুদ্ধে ছাত্র-শিক্ষক-অভিভাবক সকলের প্রতি ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহবান জানান।

জাতীয় ছাত্র ইউনিয়নের যুগ্ম আহবায়ক আমিরুল হক আমিন ও আবেদ রাজা এক বিবৃতিতে বলেন, বর্তমান সরকার শিক্ষাঙ্গনে সকল সন্ত্রাসের পুরস্কার হিসেবে অনেককে মন্ত্রীর পদে ক্ষমতায় বসিয়েছেন।